

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৩৯৯) রামাযান মাস শুরু হয়েছে কিনা এসংবাদ না পেয়েই জনৈক ব্যক্তি রাতে ঘুমিয়ে পড়ে। রাতে সে সিয়ামের নিয়ত করে নি ফজর হয়ে গেছে। ফজরের সময় সে জানতে পারল আজ রামাযানের প্রথম দিন। এ অবস্থায় তার করণীয় কী? উক্ত দিনের সিয়াম কি কাযা আদায় করতে হবে?

উত্তর: যখন সে জানতে পারবে তখনই সিয়ামের নিয়ত করে ফেলবে এবং সিয়াম পালন করবে। অধিকাংশ বিদ্বানের মতে এ দিনটির সিয়াম পরে সে কাযা আদায় করবে। তবে ইমাম ইবন তায়মিয়া রহ. এতে বিরোধিতা করেছেন। তিনি বলেন, জানার সাথে নিয়তের সম্পর্ক। এ লোক তো জানতেই পারেনি। অতএব, তার ওযর গ্রহণযোগ্য। সে জানতে পারলে রাতে কখনই সিয়ামের নিয়ত করা ছাড়তো না, কিন্তু সে তো ছিল অজ্ঞ। আর অজ্ঞ ব্যক্তির ওযর গ্রহণযোগ্য। অতএব, জানার পর যদি সাওমের নিয়ত করে ফেলে তবে সিয়াম বিশুদ্ধ। তাকে কাযা আদায় করতে হবে না।

অধিকাংশ বিদ্বান বলেন, তাকে উক্ত দিনের সাওম রাখা আবশ্যক এবং তার কাযা আদায় করাও আবশ্যক। এর কারণ হিসেবে বলেন, এ লোকের দিনের একটি অংশ নিয়ত ছাড়া অতিবাহিত হয়েছে। তাই তাকে কাযা আদায় করতে হবে। আমি মনে করি, সতর্কতাবশতঃ উক্ত দিনের সাওম কাযা করে নেওয়াই উচিৎ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1073

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন